

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৫১.৩১.০১৮.১৭(যুকত)-০৪

তারিখ: ১৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : যুবকল্যাণ তহবিল থেকে ২০১৭-২০১৮ অর্থবছরে যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ।

সূত্র : মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৩১.০১৮.১৭(যুকত)-২৩১, তারিখঃ ০৮/১১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুবকল্যাণ তহবিল থেকে ২০১৭-২০১৮ অর্থবছরে যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত সূত্রস্ব স্মারক মোতাবেক উপজেলা পর্যায়ে হতে যুব সংগঠনের প্রাপ্ত আবেদনপত্র প্রাথমিক যাচাই-বাছাইশেষে জেলা কমিটির সুপারিশসহ আবেদনপত্র মন্ত্রণালয়ে প্রেরণের নির্ধারিত তারিখ ১৫ ফেব্রুয়ারি, ২০১৮।

এমতাবস্থায়, উপজেলা পর্যায়ে হতে প্রাপ্ত আবেদনপত্রের যাচিত তথ্যাদি ইতঃপূর্বে প্রেরিত ছক-এ যথাযথভাবে উল্লেখপূর্বক সূত্রস্ব স্মারকের নির্দেশনা অনুযায়ী জেলা কমিটির সুপারিশসহ নির্ধারিত ১৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


কামরুল হাসান

সিনিয়র সহকারী সচিব (যুব-১)
ফোনঃ ৯৫৭৫৫০৯

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
জেলা কার্যালয় (সকল)।

অনুলিপি :

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা (এ বিষয়ে জেলা কার্যালয়ের সংশ্লিষ্ট উপপরিচালকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।